চুয়াডাঙ্গায় গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরষ্কার বিতরণ

চুয়াডাঙ্গায় ৫০তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা স্কুল মাদরাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে জেলা শিক্ষা অফিস চুয়াডাঙ্গার আয়োজনে চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে আজ শনিবার বিকাল সাড়ে চারটার সময় জেলা পর্যায়ে ৫০তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ০৩(তিন) দিনব্যাপি ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. জনাব কিসিঞ্জার চাকমা। এ সময় তিনি বলেন, খেলাধুলা শরীর মন সুস্থ রাখে। সেই সাথে মাদক থেকে দূরে থাকতে ক্রীড়া বিশেষ ভাবে ভূমিকা রাখে। পড়ালেখার পাশাপাশি আমাদের যে সকল যুবসমাজ আছে তাদের সকলের খেলাধুলা ও ক্রীড়া চর্চা করতে হবে।এ সময় তিনি অভিভাবকদের বিশেষ দৃষ্টি দিয়ে বলেন, আগামী প্রজন্মকে সঠিক ভাবে গঠন করে তুলতে হলে আপনাদের সন্তানদের সঠিক ভাবে দিকনির্দেশনা দিতে হবে সেইসাথে খেলাধুলা চর্চার উপর জোর দিতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) শারমিন আক্তার, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার ও সম্পাদক জেলা স্কুল মাদরাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি মোঃ আতাউর রহমান সহ ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহনকারী খেলোয়ার, কোচ, কলাকুশলী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক-শিক্ষিকা মন্ডলী, সাংবাদিকবৃন্দ, সামাজিক ও রাজনৈতিক ব্যক্তিবর্গ।

ফাইনালের আগে দুঃসংবাদ পেলো শ্রীলঙ্কা

এশিয়া কাপ শুরুর আগে থেকে শ্রীলঙ্কার শিবিরে একের পর এক চোট। টুর্নামেন্ট শুরুর আগেই চোটের কারণে ছিটকে যান অলরাউন্ডার ওয়ানিন্দু হাসারাঙ্গা, দিলশান মাদুশঙ্কা, দুষ্মন্ত চামিরা ও লাহিরু কুমারা। তবুও ফাইনালে জায়গা করে নিয়েছে শ্রীলঙ্কা। তবে ফাইনালের আগে আরও এক দুঃসংবাদ সঙ্গী হলো লঙ্কানদের। এবার ফাইনালের আগে দল থেকে ছিটকে গেছেন মহেশ থিকশানা।

শ্রীলঙ্কা ক্রিকেটের (এসএলসি) মেডিকেল কমিটির প্রধান প্রফেসর অর্জুনা ডি সিলভা জানিয়েছেন, ‘এমআরআই স্ক্যানে দেখা গেছে, চিড় রয়েছে। তবে বড় কোনো চিড় নয়। যদিও ক্লিনিক্যালি থিকশানা ঠিক আছে। সে চলাফেরা করতে পারছে এবং খুব বেশি ব্যথা নেই। নিঃসন্দেহে সে বিশ্বকাপের জন্য প্রস্তুত থাকবে।’

পাকিস্তানের বিপক্ষে দারুণ জয় নিয়ে ফাইনালে জায়গা করে নেয় স্বাগতিক লঙ্কানরা। রোববার (১৭ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৩টায় এশিয়া কাপের শিরোপা নির্ধারণী ম্যাচে ভারতের মুখোমুখি হবে শ্রীলঙ্কা।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে হ্যান্ডবল ফাইনালে বাড়িবাঁকা সীমান্ত মাধ্যমিক

বালিকা বিদ্যালয়

মেহেরপুর জেলা পর্যায়ে ৫০ তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা পর্যায়ের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় মুজিবনগরের গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে পরাজিত করে হ্যান্ডবল ইভেন্টের ফাইনালে উঠেছে বাড়িবাঁকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

আজ বৃহস্পতিবার (১৪ সেপ্টেম্বর) মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার সেমিফাইনালে মেহেরপুর সদর উপজেলা চ্যাম্পিয়ন বাড়িবাঁকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয় ২-১ গোলে মুজিবনগর উপজেলা চ্যাম্পিয়ন গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে পরাজিত করে জেলা পর্যায়ের ফাইনালে পৌছে।

ভারতের বিপক্ষে, শুধুই জিততে চাই: সাকিব

চলমান এশিয়া কাপে থেকে বিদায় নিয়েছে বাংলাদেশ। সাফল্য বলতে শুধু একটি ম্যাচ জয়। ফাইনাল খেলার লক্ষ্য থাকলেও এক ম্যাচ বাকী থাকতেই এশিয়া কাপ শেষ টাইগারদের। তবে ভারতকে হারায়ে শেষটা রাঙাতে চান অধিনায়ক সাকিব আল হাসান।

সুপার ফোরে শেষ ম্যাচে মাঠে নামার আগে কলোম্বোতে টিম হোটেলে গণমাধ্যমের মুখোমুখি হন সাকিব। এই সময় তিনি বলেন, ‘আমরা যদি শেষ ম্যাচ জিতে দেশে যেতে পারি অবশ্যই এটা আমাদের জন্য ভালো দিক হবে। এই ম্যাচ থেকে অন্যকিছু চাই না, শুধু জিততে চাই।’

ভারতের বিপক্ষে ম্যাচ সম্পর্কে জানতে চাওয়া হইলে সাকিব বলেন, ‘খেলার পরে বলতে পারবো, আগে কিভাবে বলবো? সহজ হবে, না কঠিন হবে। আমরা যাবো, যতটা সম্ভব ভালো খেলা যায়, জেতার জন্য খেলবো।’

মেসিকে ছাড়াই ‘নরক’ মাতালেন বিশ্ব চ্যাম্পিয়নরা

মেসিকে নিয়ে ঝুঁকি নিতে চাননি লিওনেল স্কালোনি। ‘নরক’ খ্যাত লাপাজে তাকে ডাগ আউটে রেখেই কাতার বিশ্বকাপ জেতা অন্যদের ওপরেই ভরসা রাখেন আর্জেন্টিনার এই কোচ। নিরাশ করেননি তারা। মঙ্গলবার (১২ সেপ্টেম্বর) রাতে বিশ্বকাপ বাছাইপর্বের দ্বিতীয় ম্যাচে বলিভিয়ার বিপক্ষে ৩-০ গোলে জয় তুলে নিয়েছেন বিশ্ব চ্যাম্পিয়নরা।

লাপাজ স্টেডিয়ামকে অনেকে ‘নরক’ হিসেবে আখ্যায়িত করেন। সমুদ্রপৃষ্ঠ থেকে তিন হাজার ফুটেরও বেশি উচ্চতায় অবস্থিত স্টেডিয়ামটিতে আগন্তুকদের নিঃশ্বাস নিতে কষ্ট হয়। চোখ ও মাথায় ঝিম ধরে। সেই কারণে মেসিকে ডাগআউটেই বসিয়ে রেখেছিলেন স্কালোনি। খবর ডিয়ারিও এএসের।

শুরু থেকে কর্তৃত্ব করতে থাকা দলটি প্রথম লিড নেয় ৩১ মিনিটে। জালে বল পাঠিয়ে দেন চেলসিতে খেলা আলবিসেলেস্তেদের তরুণ মিডফিল্ডার এনজো ফার্নান্দেজ।

একটু বাদেই লাল কার্ড দেখে মাঠ ছাড়েন স্বাগতিক দলের ডিফেন্ডার রর্বাতো ফার্নন্দেজ। ম্যাচ আরও সহজ হয়ে যায় আর্জেন্টিনার জন্য। ৩৯ মিনিটে ১০ জনের দলে পরিণত হয় লাতিন দলটি। দুই মিনিট বাদেই গোল করেন আর্জেন্টিনার লেফট ব্যাক নিকোলাস ত্যাগলিয়াফিকো। ডি মারিয়ার ছোট্ট করে নেওয়া ফ্রি কিকে হেড দেন তিনি।

এরপর শেষ দিকে গোল করে দলের জয়ের ব্যবধান বড় করেন তরুণ উইঙ্গার নিকোলাস গঞ্জালেস। ইতালির লিগে খেলা নিকো ম্যাচের ৮৩ মিনিটে দলকে ৩-০ গোলের বড় জয় এনে দেন। বিশ্বকাপ বাছাইপর্বের দুই ম্যাচেই জয় নিয়ে মাঠ ছাড়ে কাতার বিশ্বকাপের চ্যাম্পিয়ন আর্জেন্টিনা।

দামুড়হুদায় গ্রীষ্মকালীন স্কুল ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান

দামুড়হুদায় ৫০তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল ৪টায় ৫০ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির আয়োজনে দামুড়হুদা উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনালে কলাবাড়ী রামনগর মাধ্যমিক বিদ্যালয় ও মদনা মাধ্যমিক বিদ্যালয় মুখোমুখি হয়। খেলায় নির্ধারিত সময়ে গোল না হওয়ায় ট্রাইবেকারে সমাপ্ত হয়। ট্রাইবেকারে মদনা মাধ্যমিক বিদ্যালয় ৪-৩ গোলে কলাবাড়ী রামনগর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলায় প্রধান রেফারির দায়িত্ব পালন করেন বাফুফে সনদপ্রাপ্ত রেফারি ও ক্রীড়া শিক্ষক তারিকুল ইসলাম মাসুম,সহকারী হিসেবে দায়িত্ব পালন করেন আব্দুল খালেক ও ইব্রাহিম হোসেন। এর আগে কাবাডি প্রতিযোগিতা, হ্যান্ডবল প্রতিযোগিতা ও বালিকাদের ফুটবল ফাইনাল অনুষ্ঠিত হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সজল কুমার দাস,উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী।

এছাড়া উপস্থিত ছিলেন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক প্রমূখ। আলোচনা সভা শেষে সকল ইভেন্টে চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের হাতে পুরস্কার তুলে দেন অতিথিরা।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক ইকবাল হোসেন ।

কোটচাঁদপুরে গ্রীষ্মকালীন স্কুল ক্রীড়া প্রতিযোগীতা ও পুরস্কার বিতরন

জাতীয় ৫০ তম স্কুল, মাদ্রাসা ও কারিগরি সমিতির গ্রীষ্মকালীন ক্রীড়া ও পুরস্কার বিতরন করা হয়েছে। আজ মঙ্গলবার কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে এ অনুষ্ঠান করা হয়।

কোটচাঁদপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার সরকারের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন,কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মঈন উদ্দিন।

উপস্থিত অতিথিবৃন্দরা বলেন, খেলা ধুলায় অংশ গ্রহন করা,শুধু জেতার জন্য নয়। অংশ গ্রহন করাটাও একটা বড় ব্যাপার। খেলা ধুলার মধ্যে থাকলে শরীর মন,দুটিই ভাল থাকে। এ ছাড়া এ খেলার মাধ্যমে দেশ কে জাতীয় পর্যায় তুলে ধরা সম্ভব।এড়িয়ে চলা সম্ভব মাদকদ্রব্য থেকে ও।

পরে খেলায় বিজয়িদের হাতে পুরস্কার তুলে দেন,অতিথিবৃন্দরা।

পাকিস্তানে ৬ ফুটবলারকে অপহরণ

পাকিস্তানের বেলুচিস্তান থেকে ছয় ফুটবলারকে অপহরণ করা হয়েছে। এই ভয়ঙ্কর ঘটনা ঘটেছে বেলুচিস্তানের দেরা বুগতি জেলার সুই শহরে। ছয় ফুটবলারকে অপহরণের ঘটনায় পাকিস্তানের সব মহল থেকে উদ্বেগ প্রকাশ

করা হয়েছে। সমালোচনাও শুরু হয়েছে সরকারের।

দেশটির স্থানীয় প্রশাসনের বরাত দিয়ে সংবাদমাধ্যম ডন বলছে, তাদের অপহরণ করেছে অজ্ঞাতনামা একটি গোষ্ঠী। এক সপ্তাহেরও বেশি সময় ধরে তারা নিখোঁজ বলে জানিয়েছে মধ্যপ্রাচ্যভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা। দেরা বুগতি জেলা থেকে একটি টুর্নামেন্ট শেষে ফেরার পথে এই ঘটনা ঘটে বলে জানা গেছে।

শনিবার (৯ সেপ্টেম্বর) ১৬ জন ফুটবলারকে নিয়ে বেলুচিস্তানের দেরা বুগতি জেলার সুই শহরে ফুটবল প্রতিযোগিতায় খেলতে যাচ্ছিল। গন্তব্যে পৌঁছনোর আগেই আগ্নেয়াস্ত্র দেখিয়ে টিমবাস দাঁড় করিয়ে অপহরণ করা হয় ছয় ফুটবলারকে।

প্রাদেশিক তথ্যমন্ত্রী জান আচাকজাই বলেছেন, ‘অপহৃত ফুটবলারদের উদ্ধারে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। ইতোমধ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের উদ্ধারে অভিযান চালিয়েছে এবং আমরা আশা করছি আগামী ২৪ ঘণ্টার মধ্যে আমরা কোনো ব্রেক-থ্রু পাব।’

পাকিস্তানের মন্ত্রীর অভিযোগ করেন বেলুচিস্তানের জঙ্গি সংগঠন ‘বালুচ রিপাবলিকান আর্মি’-এই কাজ করেছেন। সরফরাজ বলেন, ‘যে কোনও মূল্যে জঙ্গিদের হাত থেকে এই ছয় ফুটবলারকে উদ্ধার করাই একমাত্র লক্ষ্য। সর্বপ্রকার চেষ্টা করা হচ্ছে। আশা করছি, ওরা সুস্থ রয়েছে। সকলকে দ্রুত উদ্ধার করতে সফল হব আমরা।’

সূত্র: ইত্তেফাক

জাতীয় দলের পর ক্লাব থেকেও বাদ অ্যান্তোনি

ব্রাজিলিয়ান রাইট উইঙ্গার অ্যান্তোনি সাবেক প্রেমিকা গ্যাব্রিয়েলা কাভারিলকে নির্যাতনের অভিযোগে জাতীয় দল থেকে বাদ পড়েন। জাতীয় দলের পর এবার তার ক্লাব ম্যানচেস্টার ইউনাইটেড থেকেও বাদ পড়েছেন।

ধর্ষণ ও শারীরিক নির্যাতনের শিকার হয়েছেন বলে দাবি করেছেন কাভারিল। এই ঘটনায় সাও পাওলো এবং ম্যানচেস্টারের পুলিশ তদন্ত শুরু করেছে। যার কারণে জাতীয় দল থেকে বাদ পড়েন তিনি।

ম্যানইউ এক বিবৃতিতে বলেন, পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত দলের অনুশীলন করতে পারবে না অ্যান্তোনি, ‘যারা জাতীয় দলের সঙ্গে নেই তারা সোমবার অনুশীলনে ফিরবেন। তবে অ্যান্তোনির দেরি হবে। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত দলে যোগ দেবেন না তিনি।’

সাবেক প্রেমিকাকে নির্যাতনের বিষয়টি অস্বীকার করছেন অ্যান্তোনি। তবে ম্যানইউ-এর সিদ্ধান্ত মেনে নিয়েছেন তিনি। বিবৃতিতে অ্যান্তোনি বলেন, ‘আমার বিরুদ্ধে অভিযোগের প্রেক্ষিতে আমি ম্যানইউ-এর ট্রেনিংয়ে অনুপস্থিত থাকার বিষয়ে সম্মত হয়েছি।’

অ্যান্তোনি জানিয়েছেন, বিষয়টি নিয়ে তার সতীর্থদের সঙ্গে যেন ভুল বোঝাবুঝি ও দূরত্ব তৈরি না হয় সেজন্য দলীয় অনুশীলন থেকে দূরে থাকা বিষয়ে এই সমঝোতা হয়েছে। এছাড়া তিনি তদন্তের বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সহায়তা করতে প্রতিজ্ঞাবদ্ধ বলেও উল্লেখ করেছেন।

সূত্র: ইত্তেফাক

পাকিস্তানকে হটিয়ে শীর্ষে অস্ট্রেলিয়া

পাকিস্তানকে হটিয়ে ওয়ানডে র্যাংকিংয়ে শীর্ষে উঠেছে অস্ট্রেলিয়া। দক্ষিণ আফ্রিকাকে উড়িয়ে দিয়ে শীর্ষস্থান ফিরে পেয়েছে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া।

শনিবার (৯ সেপ্টেম্বর) রাতে ব্লুমফন্টেইনে সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে রানের পাহাড় গড়ে প্রোটিয়াদের হারায় অজিরা। টস হেরে আগে ব্যাট করে ডেভিড ওয়ার্নার আর মারনাশ লাবুশানের সেঞ্চুরিতে ৩৯২ রান করে ফেলে তারা। জবাবে ব্যাটিংয়ে নেমে ১২৩ রানে হারে দক্ষিণ

আফ্রিকা।

এই জয়ের পর পাকিস্তানকে পিছিয়ে ফেলে নিয়ে এক নম্বরে উঠে যায় অজিরা। অস্ট্রেলিয়ার রেটিং পয়েন্ট ১২১। পাকিস্তান ১২০ রেটিং পয়েন্ট নিয়ে দুইয়ে অবস্থান করছে। তবে আজ এশিয়া কাপে সুপার ফোরের ভারতের বিপক্ষে ম্যাচ জিতলেই এক নম্বরে চলে যাবে পাকিস্তান।

সূত্র: ইত্তেফাক